# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 06-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান আরো জোরদার ।

২) আসন্ন লোকসভা নির্বাচনের জন্য শিলচরে ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক শ্রী অনিল মেশ্রাম এবং হাইলাকান্দিতে আদিত্য কুমার আনন্দকে সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি ।

৩) ভারতীয় জনতা পার্টীর আজ ৪৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে দলের প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অমিত শাহ এবং বি জে পির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা দলের নেতা-কর্মীদের অভিনন্দন ।

এবং

৪) প্রতিবছরের মত এবারও বারুনী স্নান উপলক্ষ্যে বদরপুর ঘাটের বরাক নদীর তীরে লক্ষ লক্ষ ভক্তের সমাগম।

---

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান আরো জোরদার হয়ে ওঠেছে । এই উপলক্ষে মুখ্যমন্ত্রী ডক্টর

হিমন্তবিশ্ব শৰ্মা আজ তিতাবরের বোকাহোলা চা-বাগানে অনুষ্ঠিত একটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বি জে পি সরকারের সময়কালে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । প্রধানমন্ত্রীর ২৬ বার আসাম ভ্রমণ রাজ্যের বিভিন্ন পর্যটন ক্ষেত্রগুলিকে বিশ্ববাসীর কাছে পরিচিত করে তুলেছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । স্বাধীনোত্তর ভারতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন বি জে পি সরকার আসাম তথা আসামের সংস্কৃতিকে উপযুক্ত সম্মান দিয়েছে বলেও ডক্টর শর্মা দাবী করেন এদিকে
রাজ্যের মন্ত্রী রঞ্জিৎ কুমার দাস আজ গোসাইগাওয়ে এন ডি এ প্রার্থী জয়ন্ত বসুমাতারীর পক্ষে নির্বাচনী প্রচার চালান । গোসাইগাও মহকুমার ভাওরাগুরি কমিউনিটি হলে আয়োজিত বি জে পি , ইউ পি পি এল এবং অসম গণ পরিষদ দলের জনসম্পর্ক কার্যসূচিতে উপস্থিত হয়ে শ্রী দাস প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার নেতৃত্বে বি জে পি সরকার প্রতিশ্রুতি অনুসারে কাজ সম্পূর্ণ করেছে বলে তিনি মত প্রকাশ করেন । বি জে পি নেতৃত্বাধী এন ডি এ সরকার জনগনকে সেবা করার মনোভাব নিয়ে ক্ষমতায় এসেছে বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে এই সেবার মনোভাবই জনসাধারণের আস্থা পুনরায় জয় করবে ।

বাক্সা জেলার ঢেকিয়াজুলিতে আজ বি-টি-আর এর মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো জয়ন্ত বসুমাতারীর সমর্থনে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন ।

কাজিরাঙ্গায় বি জে পি নেতা অভিমন্যু সিং সাংবাদিকদের সম্মোধন করে বলেন যে বিকাশ এবং প্রগতিকে মূলমন্ত্র হিসেবে নিয়ে নির্বাচনে অবতীর্ণ হয়ে দল এবার আসামের সংখ্যালঘু সম্প্রদায়কেও আকর্ষন করতে সক্ষম হয়েছে ।

অন্যদিকে যোরহাটে কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ নির্বাচনী প্রচারাভিযানে অংশ নিয়ে আসামের চিরাচরিত ঐতিহ্য এবং বৈচিত্রময় সংস্কৃতির সহবস্থানের বিষয়টি উল্লেখ করে বলেন যে এই অঞ্চলের শান্তি , প্রগতি এবং সমৃদ্ধির জন্য কাজ করে যেতে তিনি দৃঢ়তার সঙ্গে প্রতিশ্রুতিবদ্ধ । উল্লেখ্য যে যোরহাট লোকসভা আসনের অধীন সবগুলি বিধানসভা আসনে কংগ্রেস ছাড়াও , সি পি

আই এম , রাইজর দল এবং আসাম জাতীয় পরিষদের সমর্থকরা গৌরব গগৈর হয়ে প্রচার চালাচ্ছে ।

এদিকে বরাক উপত্যকায়ও বিভিন্ন রাজনৈতিক দল নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার অভিযান অব্যাহত রেখেছে।

---

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য শিলচরে ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক শ্রী অনিল মেশ্রাম এবং হাইলাকান্দিতে আদিত্য কুমার আনন্দকে সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

আগামী ২৬শে এপ্রিল শিলচর লোকসভা আসনের নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে শ্রী মেশ্রাম আজ জেলা প্রশাসন কার্যালয় কক্ষে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে জেলায় আসন্ন নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখেন । বৈঠকে কাছাড়ের আয়ুক্ত শ্রী রোহণ কুমার ঝা বলেন যে নির্বাচন সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসন প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করেছে এবং চূড়ান্ত প্রস্তুতি পর্ব অব্যাহত রয়েছে ।

পরে পর্যবেক্ষক শ্রী মেশ্রাম এম এম সি , এম সি এম সি , কন্ট্রোল রুম এবং আই এস টি টির ষ্ট্রং রুম পরিদর্শন করেন ।

---

নির্বাচন কমিশন করিমগঞ্জ লোকসভা আসনের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে অবাধ , নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন নিশ্চিত করতে ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক আদিত্য কুমার আনন্দকে সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্তি প্রদান করেছে । হাইলাকান্দি জেলা প্রশাসনের নির্বাচন বিভাগের অবজারভার সেলের আধিকারিক রোজি সিংসন এই তথ্য জানিয়েছেন । হাইলাকান্দি আবর্ত ভবণে নির্বাচনী পর্যবেক্ষকের কার্যালয় খোলা হয়েছে । সাধারণ অবজারভার আদিত্য কুমার আনন্দের ফোন নম্বর হচ্ছে ৮৪৭২০৮০০২৩ । নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ের জন্য এই ফোন নম্বরে যোগাযোগ করা যাবে ।

---

ভারতীয় জনতা পার্টীর আজ ৪৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে দলের প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অমিত শাহ এবং বি জে পির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা দলের নেতা -কর্মীদের অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোষ্টে আজ প্রধানমন্ত্রী দলের উত্তরণে তাদের কঠোর পরিশ্রম এবং ত্যাগের জন্য ধন্যবাদ জানিয়েছেন । তিনি উল্লেখ করেন যে এন ডি এর একটি প্রধান দল হিসেবে ভারতীয় জনতা পার্টী গৌরবান্বিত ।

দলের অন্যতম নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ বি জে পিকে দেশের সর্ব বৃহৎ রাজনৈতিক দল হিসেবে গড়ে তুলার জন্য দলীয় কর্মীদের ধন্যবাদ জানান । দলের সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডা দেশব্যাপী দলকে শক্তিশালী করার জন্য বি জে পির প্রবীন নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টীর সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা সহ আরো ৫ জন আজ রাজ্যসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাজ্যসভার সভাপতি জগদীপ ধনখড় আজ এই নব নির্বাচিত সদস্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । আজ শপথ গ্রহণ করা নব নির্বাচিত সদস্যরা হলেন বি জে পির জে পি নাড্ডা , অশোকরাও শংকররাও চৌহান এবং চুনিলাল গারাসিয়া , তৃনমূল কংগ্রেসের সুস্মিতা দেব এবং নাদিমূল হক এবং কংগ্রেসের অনিল কুমার যাদব মান্দাদি ।

---------------------------------------------------------------------------

ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক ( এস বি আই ) আজ নির্বাচন কমিশনের কাছে নির্বাচনী বন্ড সংক্রান্ত সমস্ত তথ্য জমা দিয়েছে । কমিশন সূত্রে জানানো হয়েছে যে সুপ্রীম কোর্টের নীতি-নির্দেশিকা অনুসারে ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক আজ নির্বাচনী বন্ড সংক্রান্ত যাবতীয় তথ্য পেশ করেছে । উল্লেখ্য যে এস বি আই এই তথ্য জমা দেওয়ার শেষ দিন আগামী ৩০ জুন পর্যন্ত সম্প্রসারিত করার জন্য সুপ্রীম কোর্টের কাছে আবেদন জানিয়েছিল কিন্তু সুপ্রীম কোর্ট গতকাল এস বি আই-এর এই আবেদন নাকচ করে আজকের মধ্যেই সব জমা দেওয়ার নির্দেশ

প্রদান করে , ফলে ব্যাঙ্ক আজই তাৎক্ষণিক ভাবে এই তথ্য নির্বাচন কমিশনের কাছে জমা দেয় ।

এদিকে এস বি আই-এর জমা দেওয়া নির্বাচনী বন্ডের এই তথ্য আগামী ১৫ এপ্রিল বিকেল ৫টার মধ্যে কমিশনের ওয়াবসাইটে প্রকাশ করতেও সুপ্রীম কোর্ট নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------

মিজোরামের মুখ্য নির্বাচনী আধিকারিক মাধুপ ব্যাস ওই রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচন গত বছরের ন্যায় শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হবে বলে আশা প্রকাশ করেছেন । আইজলে আজ আকাশবাণীর সংবাদদাতার সঙ্গে কথা বলার সময় শ্রী ব্যাস বলেন যে মিজোরামে স্বচ্ছ , অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্ব ইতিহাস রয়েছে । আসন্ন নির্বাচনে এই ইতিহাসের পুনরাবৃত্তি হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন । তিনি আরো জানান যে রাজ্য নির্বাচন কমিশনও মিজোরামে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত করার বিষয়টি নিশ্চিত করতে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------

প্রতিবছরের মত এবারও বারুনী স্নান উপলক্ষ্যে বদরপুর ঘাটের বরাক নদীর তীরে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়েছে । উল্লেখ্য যে আজ মধুকৃষ্ণ ত্রয়দশী তিথি । এই পবিত্র তিথি উপলক্ষ্যে বরাক উপত্যকায় বারুনী স্নান অনুষ্ঠীত হয় । প্রতি বছরের মত এবারও এই পবিত্র মহোৎসবে লক্ষ লক্ষ ভক্ত বিশেষ করে বদরপুর ঘাটের বরাক নদীতে পুণ্য স্নান সের সিদ্ধেশ্বর শিব মন্দিরে পূজা অর্পন করেন । লোক বিশ্বাস অনুসারে আজ গঙ্গা নদীর সঙ্গে বরাক নদীর সংযোগ স্থাপন হয়েছিল এবং এই তিথিতে বরাক নদীতে স্নান করলে গঙ্গা স্নানের পবিত্রতা আসে । শিলচরের অন্নপূর্ণা ঘাটেও আজ সকালে বহু লোক মা গঙ্গাকে তেল সিদুর দেন ।

বরাক উপত্যকা ছাড়াও পার্শবর্তী ত্রিপুরা , মনিপুর এবং মিজোরাম থেকেও বহু পুন্যার্থী আজ বদরপুর ঘাটে উপস্থিত হয়ে বরাক নদীতে পুন্য স্নান করে সিদ্ধেশ্বর মন্দিরে পূজা দেন ।

---------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য শিলচরে নিয়োজিত সেক্টর ও জোনাল আধিকারিকদের একদিনের প্রশিক্ষণ শিবির আগামীকাল অনুষ্ঠিত হবে । নির্বাচনে নিজেদের দায়িত্ব কর্তব্য ছাড়া ও ই ভিএম ও ভিভিপেট এর পদ্ধতিগত ব্যবহার ও এ সংক্রান্ত নিয়ম আধিকারিকদের বুঝিয়ে দিতে এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে ।কাছাড় কলেজের ৪ টি কক্ষে এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে ।আগামীকাল অর্থাৎ রবিবার সকাল ১০ টা থেকে এই প্রশিক্ষণ শুরু হবে ।এর পরিপ্রেক্ষিতে বিভাগীয় অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বরঠাকুর গতকাল এক আদেশে প্রশিক্ষক নিয়োগ করেছেন ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জে লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ শিবির আগামী ৮ ই এপ্রিল অনুষ্ঠিত হবে । ই ভিএম ও ভিভিপেট সংক্রান্ত দ্বিতীয় পর্যায়ের এই প্রশিক্ষণ প্রিসাইডিং ও ফাস্ট পোলিং অফিসারদের প্রদান করা হবে ।আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে ।জেলার মোট ১০ টি শিবিরে দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ পর্ব সম্পন্ন হবে ।প্রশিক্ষণ শুরু হবে সকাল ১০ টায় , চলবে বিকেল সাড়ে চারটে পর্যন্ত । প্রথম পর্ব সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত । ও দ্বিতীয় পর্ব দুপুট দেড়টা থেকে শুরু হবে ।জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচন আধিকারিক মৃদুল যাদব প্রশিক্ষণ শিবির সফল করে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------